গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| তারিখ | : | ০৫ মার্চ ২০২৩ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনস্টিটিউটের সকল শাখার সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত হন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ফেব্রুয়ারি-২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনরুপ সংযোজন/সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০২ | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের শাখা ভিত্তিক সকল পত্র প্রাপ্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য বিষয়ে আলোচনা করা হয়। | জরুরী পত্রের ক্ষেত্রে প্রাপ্তিমাত্র এবং অন্যান্য পত্রের ক্ষেত্রে প্রাপ্তির ৩ দিনের মধ্যে নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে। | ১) উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) সহকারী পরিচালক (সকল শাখা) |
| ০৩ | ইনস্টিটিউটের ব্রোশিয়র প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। | খসড়া ব্রোশিয়রটি সংশোধন পূর্বক বাংলা ও ইংরেজি ভাষায় দ্রুত প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক(প্রকাশনা) |
| ০৪ | ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরীর বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় সহকারী পরিচালক(গবেষণা) জানান যে, এ পর্যন্ত ৬৩০০ জন প্রশিক্ষণার্থীর ডাটাবেজ তৈরী করা হয়েছে। | ১। অবশিষ্ট প্রশিক্ষণার্থীর নির্ভুল তথ্য মার্চ, ২০২৩ মাসের মধ্যে ডাটাবেজে অন্তর্ভূক্তির ব্যবস্থা গ্রহণ সম্পন্ন করতে হবে।<br>২। ইনস্টিটিউটের মূল ওয়েবসাইট হতে নির্ভুল ডাটাবেজ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) সহকারী পরিচালক(গবেষণা)<br>২) ফিজিক্যাল ইন্সট্রাক্টর |
| ০৫ | সভায় গবেষণা কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। সহকারী পরিচালক(গবেষণা) জানান, ১টি প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। | ১। গবেষণা কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। গবেষণা প্রতিষ্ঠানকে সহযোগিতা করার জন্য জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপপরিচালক, জেলা কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলের বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | ১) সহকারী পরিচালক(গবেষণা) |
| ০৬ | লাইব্রেরীর জন্য বই সংগ্রহের বিষয়ে আলোচনা করা হয় | ইনস্টিটেউটের চলমান কোর্স সমূহ হতে প্রাপ্ত চাহিদা অনুযায়ী বইয়ের তালিকা প্রণয়ন করতে হবে এবং অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আগামী অর্থ বছরে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক(ট্রেনিং ও মূল্যায়ন)<br>সহকারী পরিচালক(প্রশিক্ষণ) ও<br>কোর্স কো-অর্ডিনেটর (সকল) |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৭ | ১৭ মার্চ ২০২৩ জাতীয় শিশু দিবস ও ২৬ মার্চ ২০২৩ তারিখ স্বাধীনতা দিবস উদযাপন নিয়ে আলোচনা করা হয়। | ০১। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে হবে। প্রাপ্ত নির্দেশনার আলোকে নিম্নরূপ আয়োজন গ্রহণ করা যেতে পারে।<br>(ক) প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br>(খ) কর্মকর্তা/কর্মচারী, মহিলা এবং প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে ভলিবল ও মিউজিক্যাল চেয়ার (প্রযোজ্য মতো) প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br>(গ) মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | ১) উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) সহকারী পরিচালক (সকল শাখা) |
| ০৮ | এপিএ সংক্রান্ত দায়িত্ব পালন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জাব্বারকে টীম প্রধান করে অফিস আদেশে মাধ্যমে দায়িত্ব বন্টন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৯ | ফেব্রুয়ারী ২০২৩ মাসে শ্রেষ্ঠ কর্মচারীকে পুরষ্কার প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। কর্মচারীদের কাজের মান উন্নয়ন বিষয় এ পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ক) মার্চ ২০২৩ মাসে ৩য় শ্রেণীর কর্মচারী জনাব মোহাম্মদ বদিউল আলম, কম্পিউটার অপারেটর ও ৪র্থ শ্রেণীর কর্মচারী জনাব মোঃ বাহেজ উদ্দিনকে শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে নির্বাচন ও তাদের পুরস্কৃত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১০ | প্রশিক্ষণ পুল গঠনের লক্ষ্যে প্রাপ্ত ৮৩টি আবেদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিষয় ভিত্তিক আলাদা করে যাচাই বাছাই করে নির্বাহী কাউন্সিলের অনুমোদনক্রমে প্রশিক্ষক পুল চূড়ান্ত করতে হবে। | উপপরিচালক(ট্রেনিং ও মূল্যায়ন)<br>সহকারী পরিচালক(প্রশিক্ষণ) |
| ১১ | এপিএ লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ অনুযায়ী শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ, নৈতিকতা কমিটির সভা ও অংশীজনের সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | মার্চ ২০২৩ মাসের শেষ সপ্তাহে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ, নৈতিকতা কমিটির সভা ও অংশীজনের সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(প্রশাসন) |
| ১২ | আসন্ন রমজান মাস ২০২৩ এ প্রাত্যহিক চর্চা অনুষ্ঠান বিষয়ে আলোচনা করা হয়। | রমজান মাস ২০২৩ এ প্রাত্যহিক চর্চা অনুষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপপরিচালক(ট্রেনিং ও মূল্যায়ন) |
| ১৭ | যুব সমাবেশ ২০২৩ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ২১ মার্চ ২০২৩ তারিখ যুব সমাবেশ আয়োজন করা হবে। ১৩মার্চ ২০২৩ তারিখে মধ্যে বাজেট প্রণয়ন ও ধার্য তারিখের পূর্বেই অন্যান্য কাজের প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। রেজিস্ট্রার<br>২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ প্রশিক্ষণ ও মূল্যায়ন<br>৩। সহকারী পরিচালক(সকল) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু তাহের মো: মাসুদ রানা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd